দৈনিক বাংলা

তারিখ ... 24 APR 1990
পৃষ্ঠা ... কলাম ...

# বেসরকারী বিশ্ববিদ্যালয় স্থাপনে মঞ্জুরী কমিশন ৭টি শর্ত দিয়েছে

বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) দেশে বেসরকারী বিশ্ববিদ্যালয় খোলার জন্য ৭টি পূর্বশর্ত প্রদান করেছেন। উচ্চশিক্ষার সম্প্রসারণ এবং এর আরো গুণগত মানোন্নয়ন ও একে প্রতিযোগিতামূলক করতে সরকার এ উদ্যোগ নিয়েছেন। গতকাল ঢাকায় সরকারী কর্মকর্তারা একথা জানান।

পূর্বাহ্নেই পূরনীয় শর্তাবলী হলো ঃ ন্যূনপক্ষে ৪০ একর জমি, ৫ কোটি টাকার ফিক্সড ব্যাঙ্ক ডিপোজিট, ১০ বছর মেয়াদী সম্ভাব্য উন্নয়ন ও শিক্ষাগত পরিকল্পনা, বিভিন্ন সিলেবাস প্রণয়ন, মেধাবী দরিদ্র ছাত্রদের জন্য কোটা, সৎ শিক্ষিত ব্যক্তিদের সমন্বয়ে একটি ট্রাস্টি বোর্ড এবং একাডেমিক ফি'র একটি সুনির্দিষ্ট রূপরেখা ও শিক্ষকদের বেতন স্কেল থাকতে হবে।

প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ

(৫–এর পৃঃ দ্রঃ)

## বেসরকারী বিশ্ববিদ্যালয়

(প্রথম পৃঃ পর)

এরশাদ ইউজিসিকে এ বছর ১০ই ফেব্রুয়ারী বর্তমান বিশ্ববিদ্যালয়সমূহের ভাইস-চ্যান্সেলরদের সঙ্গে তাঁর বৈঠককালে বেসরকারী বিশ্ববিদ্যালয়ের জন্য গাইড লাইন প্রণয়ন করতে বলেন।

উল্লেখ্য, প্রেসিডেন্ট বর্তমান বিশ্ববিদ্যালয়সমূহের চ্যান্সেলর এবং এসব বিশ্ববিদ্যালয়ের সবগুলিই সরকারী অর্থে পরিচালিত। দেশে বর্তমানে ৯টি বিশ্ববিদ্যালয় রয়েছে। এর মধ্যে দুটি এখনো চালু হয়নি। এর একটি সিলেটে ও অপরটি খুলনায়।

ফেব্রুয়ারী ও মার্চ মাসে অনুষ্ঠিত দু'টি অধিবেশন শেষে ইউজিসি প্রণীত গাইডলাইনসমূহ বেসরকারী বিশ্ববিদ্যালয়ের সনদ হিসাবে কাজ করবে। তবে নীতিমালাসমূহ এখনো সরকারী অনুমোদনের অপেক্ষায় রয়েছে বলে সরকারী কর্মকর্তারা জানিয়েছেন।

নির্দ্দিষ্ট করে কিছু না বললেও তাঁরা জানান যে, বেশ কয়েকটি বেসরকারী বিশ্ববিদ্যালয়ের প্রস্তাব বর্তমানে ইউজিসি'র বিবেচনাধীন রয়েছে।

ইউজিসি'র ঘনিষ্ঠ সূত্র জানায়, বেসরকারী বিশ্ববিদ্যালয় খোলার উদ্যোক্তাদের মধ্যে রয়েছেন সাবেক কৃষি মন্ত্রী আজিজুল হক, ইউজিসি সদস্য শামসুল হক, ট্যারিফ কমিশনের সাবেক চেয়ারম্যান মোসলেহউদ্দীন প্রমুখ।

ইউজিসি চেয়ারম্যান প্রফেসর সৈয়দ আলী আহসান গতকাল ইউএনবিকে জানান যে, সরকারী পৃষ্ঠপোষকতায় পরিচালিত বর্তমান বিশ্ববিদ্যালয়সমূহের ওপর সৃষ্ট চাপ কমাতে মূলতঃ বেসরকারী খাতে সরকার বিশ্ববিদ্যালয় খোলার অনুমতি দিচ্ছেন।

তিনি বলেন, এর ফলে প্রতিযোগিতার মাধ্যমে উচ্চতর শিক্ষার গুণগত মানোন্নয়নের জন্য অনুকূল পরিবেশও সৃষ্টি হবে।